ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৮৭

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

# ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের স্বাস্থ্যের উন্নতি হচ্ছে

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বর্তমানে ব্যাঙ্গালুরুর এস্টার সিএমআই হাসপাতালে চিকিৎসাধীন। হাসপাতালের পক্ষ থেকে জানানো হয়েছে, তিনি ক্রমশঃ সুস্থ হয়ে উঠছেন। অধ্যক্ষ শ্রীসেন বর্তমানে চিকিৎসকদের পর্যবেক্ষণে আছেন এবং তিনি স্বাভাবিকভাবেই শ্বাস-প্রশ্বাস নিতে পারছেন।

উল্লেখ্য, গত ৮ আগস্ট মস্তিস্কে অভ্যন্তরীণ রক্তক্ষরণের ফলে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অসুস্থ হয়ে পড়েন। প্রথমে ত্রিপুরা মেডিকেল কলেজ ও পরে আগরতলাস্থিত একটি বেসরকারি হাসপাতালে তিনি চিকিৎসারত ছিলেন। পরবর্তী সময়ে শ্রীসেনকে গত ১১ আগস্ট ব্যাঙ্গালুরুস্থিত এই হাসপাতালে ভর্তি করানো হয়। তার চিকিৎসা চলছে নিউরোসার্জন ডা. রবি গোপাল ভার্মার তত্ত্বাবধানে। ব্যাঙ্গালুরুর এস্টার সিএমআই হাসপাতালের তরফে কনসালটেন্ট নিউরোসার্জন ডা. নির্মলা এস-এর রিপোর্টের ভিত্তিতে ত্রিপুরা বিধানসভা সচিবালয়ের সচিব এই সংবাদ জানিয়েছেন।

*******